# রাজশাহী সিটি কর্পোরেশন

## রাজশাহী

সাধারণ প্রশাসনিক শাখা

erajshahi.portal.gov.bd

**রাজশাহী সিটি কর্পোরেশনের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে 'স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪' এর ধারা ২৫(ক)(২) মোতাবেক সরকার কর্তৃক গঠিত কমিটির ১১তম সভার কার্যবিবরনীঃ**

সভার তারিখ ঃ ১৩ এপ্রিল ২০২৬ খ্রি.

সময় ঃ বেলা ১২:০০ ঘটিকা

স্থান ঃ নগর ভবন "সরিৎ দত্ত গুপ্ত" সভাকক্ষ (কক্ষ নম্বর : ৩০২)

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ সংযুক্তি-ক।

সভার শুরুতে সভাপতি স্থানীয় সরকার বিভাগ কর্তৃক কর্পোরেশনের সার্বিক কার্যক্রম পরিচালনার জন্য গঠিত কমিটির সদস্য হিসেবে আমন্ত্রিত কর্মকর্তাগণকে ১১তম সভায় উপস্থিত থাকার জন্য শুভেচ্ছা জানান। তিনি সভাকে অবহিত করেন যে, স্থানীয় সরকার বিভাগ, সিটি কর্পোরেশন-১ শাখা এর ২৬ সেপ্টেম্বর ২০২৪ তারিখের ৪৬.০০.০০০০.০০০.০৭০.১৮.০০০৬.২৪-৯৫৪ নং স্মারক মাধ্যমে সিটি কর্পোরেশনের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে 'স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪' এর ধারা ২৫(ক) (২) মোতাবেক কমিটি গঠন করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মাননীয় প্রধানমন্ত্রী জনকল্যাণে বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেছেন। তাঁর দিক নির্দেশানুযায়ী জন কল্যাণে কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে। অতঃপর সভাপতি আলোচ্য সূচিভিত্তিক আলোচনার জন্য সভায় উপস্থিত সকলের সহযোগিতা কামনা করে সভার কার্যক্রম শুরু করেন।

<table>
<tr><th>ক্র. নং</th><th>আলোচ্য সুচি</th><th>আলোচনা/প্রস্তাব</th><th>গৃহীত সুপারিশ/সিদ্ধান্ত সমূহ</th><th>বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্তৃপক্ষ</th></tr>
<tr><td>০১</td><td>গত ১১ মার্চ ২০২৬ তারিখে অনুষ্ঠিত গঠিত কমিটির ১০ম সভার গৃহীত সিদ্ধান্তসমূহ পাঠ ও দৃঢ়ীকরণ।</td><td>সভাপতির অনুমতিক্রম সচিব, রাসিক গত ১১ মার্চ ২০২৬ তারিখে অনুষ্ঠিত গঠিত কমিটির ১০ম সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। সভার কার্যবিবরণী সভায় উপস্থাপিত হলে ১০ম সভার গৃহীত সিদ্ধান্তসমূহ দৃঢ়ীকরণের প্রস্তাব অনুমোদনের পক্ষে একমত পোষণ করা হয়।</td><td>সিদ্ধান্ত : গত ১০ম সভার কার্যবিবরণী সভায় উপস্থাপিত হলে গৃহীত সিদ্ধান্তসমূহ দৃঢ়ীকরণের প্রস্তাব অনুমোদনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>বিভাগীয় প্রধান (সংশ্লিষ্ট), রাসিক।</td></tr>
<tr><td>০২</td><td>রাজশাহী সিটি কর্পোরেশন নিয়ন্ত্রণাধীন হাট বাজার ও ফেরীঘাট ১৪৩৩ বঙ্গাব্দ মেয়াদে ইজারা প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।</td><td>সভাপতির অনুমতিক্রমে সচিব, রাসিক গত ০৬ এপ্রিল ২০২৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত বিশেষ সভার যে প্রস্তাবসমূহ উপস্থাপন করেন তা নিম্নরূপ :<br>হাট বাজার ঃ<br>(১)'সিটি হাট' নামীয় প্রাত্যহিক গবাদিপশুর হাট বাজার : অত্র কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন 'সিটি হাট' নামীয় প্রাত্যহিক গবাদিপশুর হাট বাজার ১৪৩৩ বাংলা সনের মেয়াদে ইজারার জন্য ০৮.০৪.২০২৬ খ্রিঃ তারিখে (২য় বার) দরপত্র আহবান করা হয় এবং নিম্নলিখিত ০৪(চার) টি দরপত্র পাওয়া যায়।<br>
<table>
<tr><th>ক্র নং</th><th>দরপত্র দাতার নাম</th><th>প্রস্তাবিত দর</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১</td><td>জনাব মোঃ তোহিদুল ইসলাম পিতাঃ আব্দুল ওহাব, বালু বাগান, চাঁপাইনবাবগঞ্জ-৬৩০০,</td><td>৮,০৫,০০,৭৭৭/-</td><td rowspan="2">১৪৩০ দর-৩,৫০,০০,০০০/-<br>১৪৩১ দর-৩,৬১,০০,০০০/-<br>১৪৩২ দর-১২,৮১,০০,৭৭৭/-<br>সরকারি মূল্য-</td></tr>
<tr><td>২</td><td>জনাব মোঃ শওকত আলী পিতাঃ সদর উদ্দীন মোল্লা, ফুদকীপাড়া, মিয়াপুর-৬২০১,</td><td>৮,০৭,০০,০০০/-</td></tr>
</table>
</td><td>সিদ্ধান্ত : সভায় বিস্তারিত আলোচনান্তে (১) দরপত্র মূল্যায়ন কমিটি সুপারিশ এর আলোকে সর্বোচ্চ দরদাতা জনাব মোঃ শওকত আলী, পিতাঃ সদর উদ্দীন মোল্লা, ফুদকীপাড়া, মিয়াপুর-৬২০১, পবা, রাজশাহী কর্তৃক দাখিলকৃত সর্বোচ্চ দর ৮,০৭,০০,০০০/- (আট কোটি সাত লক্ষ) টাকা যথার্থ বিবেচিত হওয়ায় ১৪৩৩ বাংলা বৎসরের মেয়াদে উক্ত সিটি হাট নামীয় প্রাত্যহিক হাট বাজার সর্বোচ্চ দর দাখিলকারী বরাবর ইজারা প্রদান করা সুপারিশ অনুমোদনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(২) ফেরীঘাট ইজারা কমিটি সুপারিশ এর আলোকে সর্বোচ্চ দরপত্রদাতা জনাব মোঃ রাজু আহম্মেদ, পিতা- মোঃ আলম শেখ ভোলা,</td><td>সচিব/গঠিত কমিটি, রাসিক।</td></tr>
</table>

<table>
<tr><th>ক্র. নং</th><th>আলোচ্য সুচি</th><th>আলোচনা/প্রস্তাব</th><th>গৃহীত সুপারিশ/সিদ্ধান্ত সমূহ</th><th>বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্তৃপক্ষ</th></tr>
<tr><td></td><td></td><td>
<table>
<tr><td>৩</td><td>জনাব মোঃ আঃ বারী পিতাঃ হাজী মোঃ আব্দুল করিম, জোতমহেষ, জিপিও-৬০০০,</td><td>৬,৬০,০০,০০০/-</td><td rowspan="2"></td></tr>
<tr><td>৪</td><td>মোঃ শাহিনুর রহমান সিহাব পিতাঃ মোঃ শামসুদ্দিন, শ্যামপুর মধ্যপাড়া, পবা,</td><td>১,৬০,০০,০০০/-</td></tr>
</table>
দরপত্র মূল্যায়ন কমিটি সুপারিশ/মতামত ঃ বিস্তারিত আলোচনান্তে সর্বোচ্চ দরদাতা জনাব মোঃ শওকত আলী, পিতাঃ সদর উদ্দীন মোল্লা, ফুদকীপাড়া, মিয়াপুর-৬২০১, পবা, রাজশাহী কর্তৃক দাখিলকৃত সর্বোচ্চ দর ৮,০৭,০০,০০০/- (আট কোটি সাত লক্ষ) টাকা যথার্থ বিবেচিত হওয়ায় ১৪৩৩ বাংলা বৎসরের মেয়াদে উক্ত সিটি হাট নামীয় প্রাত্যহিক হাট বাজার সর্বোচ্চ দর দাখিলকারী বরাবর ইজারা প্রদান করার সুপারিশ করা হয়।<br>
(২) আমীরপুর ফেরীঘাট :<br>
রাজশাহী সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন আমীরপুর ফেরীঘাট ১৪৩৩ বঙ্গাব্দের মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত ০৮ এপ্রিল২০২৬ তারিখ (২য় বার) দরপত্র আহবান করা হয় এবং নিম্নবর্ণিত ২(দুই)টি দরপত্র পাওয়া যায়।
<table>
<tr><th>ক্র নং</th><th>দরপত্রদাতার নাম ও ঠিকানা</th><th>দাখিলকৃত দর</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১.</td><td>জনাব মোঃ আখলেসুর রহমান পিতা- মোঃ আক্তারুজ্জামান হাড়ুপুর, কাশিয়াডাঙ্গা থানা, রাজশাহী</td><td>২৫,১০,০০০ /-</td><td rowspan="2">১৪৩০ দর- ৩,৭০,৪৭৫/- (খাস আদায়) ১৪৩১ দর- ৩,৭২,৮৯৩/- (খাস আদায়) ১৪৩২ দর- ৬১,৭৭,৭৭৭/- সরকারি মূল্য- ৬৭,৯৫,৫৫৫/-</td></tr>
<tr><td>২.</td><td>জনাব মোঃ রাজু আহম্মেদ পিতা- মোঃ আলম শেখ ভোলা দর্শনপাড়া নামোপাড়া, পবা, রাজশাহী</td><td>৩২,৫০,০০০ /-</td></tr>
</table>
ফেরীঘাট ইজারা কমিটির মতামত :<br>
সর্বোচ্চ দরপত্রদাতা জনাব মোঃ রাজু আহম্মেদ, পিতা- মোঃ আলম শেখ ভোলা, দর্শনপাড়া নামোপাড়া, পবা, রাজশাহী উক্ত ফেরীঘাট ইজারার জন্য ৩২,৫০,০০০/- (বত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা সর্বোচ্চদর দাখিল করেন। তার দাখিলকৃতদর এ ফেরীঘাটের সরকারি মূল্য ৬৭,৯৫,৫৫৫/- (সাতষট্টি লক্ষ পঁচানব্বই হাজার পাঁচশত পঞ্চান্ন) টাকা অপেক্ষা কম হওয়ায় পুনরায় দরপত্র আহবানের করা হয় এবং ১লা বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ হতে খাস আদায়ের প্রস্তাব করা হয়।<br>
বর্ণিত সুপারিশ দুইটি অনুমোদনের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।
</td><td>দর্শনপাড়া নামোপাড়া, পবা, রাজশাহী উক্ত ফেরীঘাট ইজারার জন্য ৩২,৫০,০০০/- (বত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা সর্বোচ্চদর দাখিল করেন। তার দাখিলকৃতদর এ ফেরীঘাটের সরকারি মূল্য ৬৭,৯৫,৫৫৫/- (সাতষট্টি লক্ষ পঁচানব্বই হাজার পাঁচশত পঞ্চান্ন) টাকা অপেক্ষা কম হওয়ায় পুনরায় দরপত্র আহবানের সুপারিশ এবং ১লা বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ হতে খাস আদায়ের জন্য নিম্নরূপভাবে একটি খাস আদায় কমিটি গঠনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>
কমিটির রূপরেখা :<br>
(ক) প্রধান রাজস্ব কর্মকর্তা, রাসিক -আহবায়ক।<br>
(খ) রাজস্ব কর্মকর্তা, রাসিক - সদস্য।<br>
(গ) চেয়ারম্যান, হরিপুর ইউনিয়ন পরিষদ, পবা, রাজশাহী- সদস্য।<br>
(ঘ) সম্পত্তি কর্মকর্তা, রাসিক - সদস্য সচিব।<br>
ফেরীঘাটটির ইজারা না হওয়া পর্যন্ত গঠিত কমিটির মাধ্যমে খাস আদায় কার্যক্রম চলমান থাকবে।</td><td></td></tr>
<tr><td>০৩</td><td>আগামী জুন ২০২৬ মাসে কর্পোরেশনের রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে</td><td>সভাপতির অনুমতিক্রমে প্রধান রাজস্ব কর্মকর্তা, রাসিক সভাকে অবহিত করেন যে, সিটি কর্পোরেশন সমূহের (কর) বিধিমালা, ১৯৮৬ এর ৯(৩) "কোন ভবন বা</td><td>সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে আগামী জুন ২০২৬ মাসে কর্পোরেশনের</td><td>প্রধান রাজস্ব কর্মকর্তা, রাসিক।</td></tr>
</table>

| ক্র. নং | আলোচ্য সুচি | আলোচনা/প্রস্তাব | গৃহীত সুপারিশ/সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | পৌরকর আদায়ে ১৫% সারচার্জ মওকুফ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | **ভূমির ক্ষেত্রে কর বা রেইট যে অর্থবছরের জন্যে প্রদেয় তার মধ্যে বা চাহিদা বিলে উল্লেখিত সময়ের মধ্যে পরিশোধ করা না হলে সিটি কর্পোরেশন পূর্ববর্তী আর্থিক বছরের খেলাপী দাবীর উপর ১৫% সারচার্জ (Surcharge) আরোপ করতে পারে। কিন্তু বিশেষ ক্ষেত্রে সিটি কর্পোরেশন কোন কর দাতাকে এই সারচার্জ পরিশোধ থেকে আংশিক বা সম্পূর্ণ (Partly or wholly) মওকুফও করতে পারে”** মোতাবেক আগামী জুন ২০২৬ মাসে কর্পোরেশনের রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে পৌরকর আদায়ে ১৫% সারচার্জ মওকুফ বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। | রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে পৌরকর আদায়ে ১৫% সারচার্জ মওকুফের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৪ | আগামী ২০.০৪.২০২৬ খ্রি. তারিখে কর্পোরেশন কর্তৃক ৩০টি ওয়ার্ডে ৬ মাস হতে ৫ বছর বয়স পর্যন্ত সকল শিশুর হাম রুবেলা টিকা ক্যাম্পেইন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | সভাপতির অনুমতিক্রমে প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, রাসিক সভাকে অবহিত করেন যে.সাম্প্রতিক সময়ে হাম রুবেলার প্রকোপ বৃদ্ধি পেয়েছে এবং অনেক শিশু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছে। ইতোমধ্যে সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশিত হয়েছে হাম রুবেলায় আক্রান্তপূর্বক অনেক শিশুর অকাল মৃত্যু বরণ করেছে। এমতাবস্থায় **হাম রুবেলা প্রতিরোধে আগামী ২০ এপ্রিল ২০২৬ ইং হতে ১০ মে ২০২৬ ইং তারিখ পর্যন্ত ১১ কর্ম দিবসে (০৬ মাস- ৫ বছরের কম বয়সী) শিশুদের হাম রুবেলার টিকা প্রদান করা হবে।**<br>মোট কেন্দ্র ৩০টি ওয়ার্ডে প্রতিটিতে ৮টি করে মোট কেন্দ্র ৩০×৮= ২৪০ টি<br>প্রতিদিন সকাল ৮.০০ হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত টিকা কার্যক্রম চলবে।<br>প্রতি কেন্দ্রে ২ জন টিকাদানকারী এবং ৩ জন স্বেচ্ছাসেবী দায়িত্ব পালন করবেন।<br>লক্ষ্য মাত্রা<br>কমিউনিটি পর্যায়ে ছেলে ২৩,১৩৬ জন, মেয়ে ২২,৪৮৭ জন = মোট ৪৫,৬২৩ জন<br>স্কুল মোট ছেলে ৪,৩৪২ জন, মেয়ে ৪,১৭৯ = মোট ৮,৫২১ জন<br>মোট ছেলে ২৭,৪৭৮ জন, মেয়ে ২৬,৬৭৪ =মোট ৫৪,১৪৪ জন<br>**আগামী ২০ এপ্রিল ২০২৬ ইং হতে ১০ মে ২০২৬ ইং তারিখ পর্যন্ত ১১ কর্ম দিবসে (০৬ মাস- ৫ বছরের কম বয়সী) শিশুদের হাম রুবেলার টিকা** প্রদানের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। | **সিদ্ধান্ত ঃ** সভায় বিস্তারিত আলোচনান্তে **হাম রুবেলা প্রতিরোধে আগামী ২০ এপ্রিল ২০২৬ ইং হতে ১০ মে ২০২৬ ইং তারিখ পর্যন্ত ১১ কর্ম দিবসে (০৬ মাস- ৫ বছরের কম বয়সী) শিশুদের হাম রুবেলার টিকা** প্রদানের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, রাসিক। |
| ০৫ | বিবিধ :<br>রেড ক্রিসেন্ট সোসাইটি, রাজশাহী সিটি ইউনিটের গত ০২.০৪.২০২৬ খ্রি. তারিখের সভার কার্যবিবরণী সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | আলোচনায় প্রকাশ পায় যে, রেড ক্রিসেন্ট সোসাইটি, রাজশাহী সিটি ইউনিটের গত ০২.০৪.২০২৬ খ্রি. তারিখের সভার কার্যবিবরণীতে তাদের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে রাজশাহী সিটি কর্পোরেশন থেকে ৫ (পাঁচ)টি বেড ও ২(দুই)টনের ২(দুই)টি এসি অনুদান হিসেবে প্রাপ্তির জন্য প্রস্তাব করা হয়। উক্ত প্রস্তাবের আলোকে অত্র সিটি কর্পোরেশন থেকে রেড ক্রিসেন্ট সোসাইটি, রাজশাহী সিটি ইউনিটের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রাখার স্বার্থে ৫ (পাঁচ)টি বেড ও ২(দুই) টনের ২(দুই)টি এসি অনুদান হিসেবে সরবরাহের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। | **সিদ্ধান্ত ঃ** সভায় বিস্তারিত আলোচনান্তে রেড ক্রিসেন্ট সোসাইটি, রাজশাহী সিটি ইউনিটের গত ০২.০৪.২০২৬ খ্রি. সভার কার্যবিবরণীর প্রস্তাবের আলোকে রাজশাহী সিটি কর্পোরেশন থেকে ৫ (পাঁচ)টি বেড ও ২(দুই)টনের ২(দুই)টি এসি অনুদান হিসেবে বর্ণিত রেড ক্রিসেন্ট সোসাইটি, রাজশাহী সিটি ইউনিটকে সরবরাহের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাসিক। |

পরিশেষে তিনি বলেন যে, জনস্বার্থে নাগরিক সেবা সুনিশ্চিত করণে অদ্যকার সভায় কয়েকটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়েছে। গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন ও অগ্রগতির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। অত্র সিটি কর্পোরেশনের দায়িত্বপ্রাপ্ত কাউন্সিলর, কর্মকর্তা ও কর্মচারীগণ স্ব স্ব অর্পিত দায়িত্ব পালনে সচেষ্ট থাকবেন এ প্রত্যাশা ব্যক্ত করেন। আর কোন আলোচনা না থাকায় সকলের অংশগ্রহন ও সহযোগিতার জন্য ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মাহফুজুর রহমান)
প্রশাসক
রাজশাহী সিটি কর্পোরেশন

স্মারক নম্বর- ৪৬.১২.০০০০.০০৩.০৬.৩৫৭৬.১৪.৪৬৮-(৫৪)

তারিখ ঃ বৈশাখ ০২ ~~চৈত্র~~ ১৪৩২
১৫ এপ্রিল ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩। জেলা প্রশাসক, রাজশাহী।
৪। ........................................................................., সদস্য/কাউন্সিলর, ওয়ার্ড নং- ............, রাজশাহী সিটি কর্পোরেশন।
৫। সচিব, রাজশাহী সিটি কর্পোরেশন।
৬। বিভাগীয় প্রধান ........................................................(সকল), রাজশাহী সিটি কর্পোরেশন।
৭। ..................................................................................,রাজশাহী সিটি কর্পোরেশন।
৮। জনসংযোগ কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন।
৯। প্রশাসক এঁর ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন (প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। সহকারী প্রোগ্রামার, বিদ্যুৎ শাখা,রাজশাহী সিটি কর্পোরেশন (কার্য-বিবরণীটি অত্র সিটি কর্পোরেশনের ওয়েবসাইডে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ)।
১১। অফিস নথি।

মোঃ রেজাউল করিম
প্রধান নির্বাহী কর্মকর্তা
রাজশাহী সিটি কর্পোরেশন